



মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট

উপসচিব

বোর্ড ও জনসংযোগ বিভাগ

মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোবা: ০১৭৪০-৬২৫৭৪০

ইমেইল: prompa6@gmail.com

ওয়েব সাইটঃ www.mpa.gov.bd

“সংবাদ বিজ্ঞপ্তি”

“পদ্মা সেতুর কারণে মোংলা বন্দর দিয়ে বাড়ছে গার্মেন্টস পন্য রপ্তানি”

গত বছরের ২৫ জুন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পদ্মা সেতু উদ্বোধন হওয়ায় দক্ষিণবঙ্গের যে কয়টি প্রতিষ্ঠানের কার্যক্রম উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি পেয়েছে তার মধ্যে মোংলা বন্দর কর্তৃপক্ষ অন্যতম। পদ্মা সেতু চালু হওয়ার সাথে সাথেই এবন্দর দিয়ে রেডিমেইড গার্মেন্টস পন্য রপ্তানি শুরু হয়েছে। পদ্মা সেতু চালুর পরে মোংলা বন্দর দিয়ে সর্বপ্রথম গার্মেন্টস পন্য রপ্তানি হয় ২৭ জুলাই, ২০২২ খ্রি. তারিখে। এরই ধারাবাহিকতায় ০৬ জুন, ২০২৩ তারিখে ঢাকার ফকির নিটওয়ার লিঃ, এপেক্স লিংগারি লিঃ, এপেক্স স্পিনিং লিঃ, নিট কনসার্ন লিঃ, ফ্লামিংগো ফ্যাশান লিঃ, অনন্ত গার্মেন্টস লিঃ, লিবার্টি নিটওয়ার লিঃ,এ কে এম নিটওয়ার লিঃ, স্টালিং ডেনিমস লিঃ, স্টালিং স্টাইলস লিঃ মোট ১০ টি গার্মেন্ট ফ্যাক্টরির বাচ্চাদের পোশাক, হেয়ার ব্যন্ড, লেগিংস , ট্রাওজার, সহ বিভিন্ন গার্মেন্টস পন্য নিয়ে M.V. Maersk Qinzho নামক সিঙ্গাপুরের পতাকাবাহী ৭.৫ মিটারি ড্রাফট এর একটি জাহাজ পোল্যান্ডের উদ্দেশ্যে রওনা করার লক্ষ্যে মোংলা বন্দরের ৫ নং জেটিতে অবস্থান করছে। এছাড়া ব্যবসায়ীদের সাথে কথা বলে জানা যায় আগামী ২২ জুন, ২০২৩ খ্রি. তারিখের M.V. Maersk Mongla নামক আরো একটি জাহাজে করে একই ধরনের রেডিমেইড গার্মেন্টস পন্য রপ্তানির জন্য প্রক্রিয়াধীন আছে।

পদ্মা সেতু চালু হওয়ায় ঢাকা থেকে মোংলা বন্দরের দূরত্ব ১৭০ কি. মি. সেখানে ঢাকা থেকে চট্টগ্রাম বন্দরের দূরত্ব ২৬০ কি. মি.। মোংলা বন্দরে জাহাজ হ্যান্ডলিং দ্রুত ও নিরাপদে হয়। একই সাথে ঢাকার সাথে দূরত্ব কমে যাওয়ায় সময় ও অর্থ দুয়েরই সাশ্রয় হওয়ার কারণে ব্যবসায়ীরা মোংলা বন্দর দিয়ে আমদানি-রপ্তানি করায় আগ্রহী হচ্ছে। মোংলা বন্দরে দ্রুত জাহাজ হ্যান্ডলিং করা, জেটি অভ্যন্তরে কন্টেইনার স্টাফিং সুবিধা, Cut Of Time এর নিয়ম অনুসরণ না করা, পর্যাপ্ত ইকুইপমেন্ট সুবিধা ও নিরাপদ বন্দর হওয়ায় ব্যবসায়ীদের আগ্রহের কেন্দ্র বিন্দুতে পরিণত হচ্ছে মোংলা বন্দর।

স্বাক্ষরিত/-

মো: মাকবুলজামান

উপসচিব